ইত্তেফাক

016

তারিখ ... 16/5/85 ...
পৃষ্ঠা ... 1 কলাম 1 ...



গতকাল আজিমপুর বালিকা বিদ্যালয়ে এস এস সি পরীক্ষার্থিনীরা —ইত্তেফাক

# এস এস সি পরীক্ষা শুরু

( ইত্তেফাক রিপোর্ট )

১৯৮৫ সালের এস, এস, সি পরীক্ষা গতকাল ( সোমবার ) শুরু হইয়াছে। ৪টি শিক্ষা বোর্ডের অধীনে এই পরীক্ষার প্রথম দিন বাংলা বিষয়ের পরীক্ষা হয়।

ঢাকার পরীক্ষা কেন্দ্রসহ সর্বত্র জোরালো নিরাপত্তামূলক ব্যবস্থায় পরীক্ষা গ্রহণ করা হইতেছে। মহানগরীর ৪৫টি কেন্দ্রে কোন পরীক্ষার্থী গতকাল বহিষ্কৃত হয় নাই। ঢাকা মাধ্যমিক ও

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এস,এস,সি পরীক্ষা শুরু

( ১ম পৃঃ পর )

উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড সূত্র জানায়, দেশের কোন অঞ্চল হইতে অপ্রীতিকর কোন ঘটনার সংবাদ সন্ধ্যা পর্যন্ত ঢাকায় পৌঁছে নাই।

আমাদের সংবাদদাতাদের প্রেরিত খবরে জানা গিয়াছে, এসএসসি পরীক্ষার প্রথম দিনে গতকাল ( সোমবার ) অসদুপায় অবলম্বনের দায়ে যশোর বোর্ডের ২০টি কেন্দ্র হইতে ১৩০ জন, পাবনা জেলার তিনটি কেন্দ্র হইতে ৩৩ জন, ব্রাহ্মণবাড়িয়ার ৭টি উপজেলার ৪টি কেন্দ্র হইতে ১৫ জন, নরসিংদী জেলার বিভিন্ন কেন্দ্র হইতে ১০ জন, গাজীপুরের চারটি কেন্দ্র হইতে ৮ জন, রাজশাহীর একটি কেন্দ্র হইতে একজন, কালীগঞ্জ কেন্দ্র হইতে ২ জন এবং ঘোড়াশাল কেন্দ্র হইতে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। নকল সরবরাহের অভিযোগে ব্রাহ্মণবাড়িয়ার অন্নদা হাইস্কুলে ৭ জন, নারায়ণগঞ্জের বিএম ইউনিয়ন হাইস্কুল কেন্দ্রে ৬ জন যুবককে গ্রেফতার করা হইয়াছে।

আমাদের চট্টগ্রাম অফিস জানায়, গতকাল রাউজান উপজেলা সদরের একটি পরীক্ষা কেন্দ্রে দুইতিন হাজার ছাত্র-জনতা জোরপূর্বক প্রবেশ করার চেষ্টা করিলে পুলিশ তাহাদের বাধা দেয়। সেইসময় তাহাদের ইটপাটকেল নিক্ষেপে একজন ম্যাজিস্ট্রেটসহ ৭ জন পুলিশ কনেষ্টবল আহত হয়।

আমাদের দিনাজপুর সংবাদদাতা এক তারবার্তায় জানায়, এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র বলিয়া কথিত প্রশ্নপত্র প্রতিসেট এক হাজার হইতে দেড় হাজার টাকা করিয়া হরিপুর ও রাণীশংকৈল উপজেলায় বিক্রয় হইয়াছে।